গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মধুখালী, ফরিদপুর।

# উপজেলা আইসিটি কমিটির জানুয়ারি, ২০২০ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: মোস্তফা মনোয়ার<br>উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর। |
| তারিখ | : | ৩০ জানুয়ারি, ২০২০খ্রি. |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মধুখালী, ফরিদপুর। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের গুরুত্বারোপ করে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং গত ডিসেম্বর,১৯ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মধুখালী'কে অনুরোধ করেন। তিনি মধুখালী উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা জানান এবং সভার আলোচনা শুরু করেন।

তৎপ্রেক্ষিতে আইসিটি'র বিস্তার ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা এবং ডিজিটাল বাংলাদেশ তথা আইসিটি নির্ভর বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণ ও স্কুল-কলেজের আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য সম্মানিত সদস্যবৃন্দ'কে তাঁদের মূল্যবান মতামত লিখিত আকারে উক্ত কমিটির সভাপতি বরাবর পরবর্তী সভার পূর্বে প্রেরণের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ** সাধারণ জনগণ তথ্য সেবা গ্রহীতাদের নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে উপজেলা, ইউনিয়ন এবং সরকারি দপ্তরসমূহসহ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সরকারি উদ্যোগে ওয়েব পোর্টাল চালু করা হয়েছে। ফলে ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদকরণ জনগুরুত্বপূর্ণ হয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদ একটি চলমান প্রক্রিয়া। এটি সবসময় হালনাগাদ করা প্রয়োজন। এটি বাংলা ও ইংরেজী উভয় ভাষায় হালনাগাদ করার জন্য বলা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সকল সরকারি বিভাগ/দপ্তরকে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট অফিস/দপ্তর তাদের তথ্য হালনাগাদ করবে এবং তার অধীনস্থ অন্যান্য অফিসের তথ্য Update করার ব্যাপারে সক্রিয় ভূমিকা পালন করবে। | ১.১। সকল সরকারি দপ্তর/বিভাগের জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, সকল কর্মকর্তা, কর্মচারি, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গ্রহীত হয়।<br>১.২। এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে জরুরি খবর, বিভিন্ন নোটিশ, সভার কার্যবিবরণী, সকল কর্মকর্তা, কর্মচারি, সকল ধরণের সেবা/প্রকল্পের বিস্তারিত তথ্য, জনপ্রতিনিধি, হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, মন্দির, মসজিদ ইত্যাদির তথ্য ওয়েব পোর্টালে নিয়মিত সংযোজন, হালনাগাদকরণ ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৩। এ উপজেলার সকল ওয়েব পোর্টালের চলমান অবস্থা ও হালনাগাদকরণ কার্যক্রমের রিপোর্ট মাসিক আইসিটি কমিটির সভায় দাখিলকরণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৪। এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব সাইট তৈরি ও হালনাগাদকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৫। প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানসহ প্রয়োজন বোধে সংশ্লিষ্ট যাবতীয় তথ্য সরবরাহকরণ বিষয়ে আইসিটি অধিদপ্তর, মধুখালী, ফরিদপুর কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (সহকারী প্রোগ্রামার, মোবা: ০১৯১৩৭৩৪৫৯৮, ই-মেইল: dnbiswas85@gmail.com) কে সহায়তা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মধুখালী উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানগণ।<br>২। মধুখালী উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৪। মধুখালী উপজেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০২ | **ই-নথি বাস্তবায়নঃ** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম | ২.১। ইতোমধ্যে ই-নথি সিস্টেমে লাইভ সার্ভারে স্থাপিত দপ্তরসমূহের দাপ্তরিক নথি কার্যক্রম অনলাইন নথি | ১। উপজেলা নির্বাহী অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| | কর্তৃক বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে ই-নথি ব্যবস্থাপনা চালু হয়েছে । সরকারের সর্বক্ষেত্রে দাপ্তরিক নথি কার্যক্রম প্রচলিত নথি ব্যবস্থাপনার পরিবর্তে অনলাইন নথি ব্যবস্থাপনায় (ই-নথি সিস্টেম) ব্যবহার নিশ্চিতকরণ সরকারের ধারাবাহিক পেপারলেস অফিস বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ বিষয় ও "সচিবালয় নির্দেশমালা ২০১৪" তে বিস্তারিত নির্দেশনা রয়েছে। ই-নথি ব্যবহার ও অগ্রাধিকার প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ব্যবস্থাপনায় শুরু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.২। এ উপজেলার সকল সরকারি দপ্তর/বিভাগসমূহকে ই-নথি সিস্টেমের লাইভ সার্ভারে ক্রমান্বয়ে স্থাপন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.৩। এক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান ও প্রয়োজন বোধে তৎসংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্য সরবরাহকরণ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামারকে সহায়তা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলার সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ প্রধানগণ।<br>৩। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর। |
| ০৩ | **ডিজিটাল সেন্টার/এক সেবা বাস্তবায়নঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে খুব সহজেই নাগরিকরা বিভিন্ন সেবা পেয়ে থাকেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টার খোলা না থাকলে জনগণের সেবা প্রাপ্তিতে ভোগান্তি হয়। ডিসেম্বর,২০১৯ মাসে ডিজিটাল সেন্টারসমূহ নিয়মিত খোলা রাখার জন্য ইউডিসি উদ্যোক্তাদের প্রসংশা করেন। এছাড়াও প্রতিটি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে উদ্যোক্তাগণকে তাদের আয়-ব্যয়ের সঠিক পূর্ণ হিসাব একসেবায় আপলোড করার জন্য বলা হয়। আয়ের পরিমান বৃদ্ধি করার জন্য ইউডিসির সেবা সংক্রান্ত প্রচার প্রচারণার বিষয়ে আলোচনা হয়। | ৩.১। সভাপতি বলেন যে, সহকারী প্রোগ্রামার ডিজিটাল সেন্টার পরিদর্শনের সময় কীভাবে তাদের আয় ক্রমান্বয়ে বৃদ্ধি করা যায়, সেই মর্মে পরামর্শ প্রদান করবেন। এছাড়াও ডিজিটাল সেন্টার থেকে বিদ্যুৎ বিল গ্রহণ, ডিজিটাল সেন্টারগুলোতে ই-মিউটেশন সেবা চালু এবং প্রয়োজনে উদ্যোক্তাদের উপজেলা ভূমি অফিসে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিদর্শন রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মাতৃত্বকালীন ও বিধবা ভাতা ইউডিসি থেকে মধুমতি ব্যাংকের মাধ্যমে প্রদান, ইউডিসির আয়ের তথ্য একসেবাতে (https://eksheba.gov.bd/) আপলোড করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী কমিশনার (ভূমি), মধুখালী, ফরিদপুর।<br>২। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৩। উদ্যোক্তা (সকল), মধুখালী, ফরিদপুর। |
| ০৪ | **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও ভাষা প্রশিক্ষণ ল্যাব/অন্যান্য কম্পিউটার ল্যাব সম্পর্কিতঃ** বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **"সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন"** শীর্ষক প্রকল্পের আওতায় মধুখালী উপজেলায় ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" ও ০১ টি প্রাথমিক বিদ্যালয়ে ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়েছে। এর মধ্যে আবদুর রহমান টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং কলেজ'র স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব হতে গত ১৬/০২/২০১৭ খ্রি. তারিখে ১৭ টি ল্যাপটপ চুরি হয়েছে মর্মে জানা যায়। ল্যাবের বর্তমান অবস্থা সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১। শিক্ষা প্রতিষ্ঠানের স্থাপিত কম্পিউটার ল্যাব পরিচালনার নীতিমালা-২০১২ মোতাবেক কম্পিউটার ল্যাবসমূহ যথারীতি চালু রাখা, এর সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ করে শিক্ষার্থীদেরকে প্রোগ্রামিং শেখার ব্যবস্থা করার জন্য প্রধান শিক্ষকগণদের অনুরোধ করা হয়। সহকারী প্রোগ্রামার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ল্যাব পরিদর্শন করে এর রিপোর্ট তথ্য ও যোগাযোগ অধিদপ্তরে প্রেরণ করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মধুখালী'তে অনুলিপি প্রদান করতে হবে। আবদুর রহমান টেকনিক্যাল এন্ড ইঞ্জিনিয়ারিং কলেজ'র স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে ল্যাব সচলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর।<br>৩। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৫ | **মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** উপজেলার সকল সরকারি, বে-সরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে ক্লাস পরিচালিত হচ্ছে কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ বিষয়ে বলেন, মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের হার গত মাসের তুলনায় অনেকাংশই বৃদ্ধি পেয়েছে। সভাপতি এ প্রসঙ্গে বলেন যে, এই হার যেন | ৫.১। মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের হার শতভাগ নিশ্চিত করতে হবে। এছাড়াও মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানকৃত ক্লাসসমূহের তথ্য নিয়মিত http://mmcm.gov.bd -তে আপলোড হচ্ছে কিনা সেদিকে যথেষ্ট দৃষ্টি দিতে হবে। মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান বরাবর পত্র দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মধুখালী, ফরিদপুর। |

| | | | |
|---|---|---|---|
| | ক্রমান্বয়ে শতভাগে উপনীত হতে পারে সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মধুখালী'কে অনুরোধ করা হয়। | | ৩। সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণ। |
| ০৬ | **ইনফো সরকার-২ প্রকল্প বাস্তবায়নঃ** ইনফো সরকার-২ প্রকল্পে স্থাপিত উপজেলা পর্যায়ে সকল সরকারি অফিস/ দপ্তরে ইন্টারনেট সেবা নিশ্চিত করছে। এই প্রকল্পে উপজেলা পর্যায়ে সার্ভার রুম স্থাপন এবং এই রুমে অনেক মূল্যবান সুইচ, রাউটার, ব্যাটারি রয়েছে যা সকল সরকারি অফিস/দপ্তরকে নিরবছিন্ন ভাবে ইন্টারনেট এর সুবিধা প্রদান করে আসছে। সার্ভার রুমের ব্যবহৃত ব্যাটারিগুলোর মেরামত করার প্রয়োজন হয়ে পড়েছে। ব্যাটারি মেরামত ও রক্ষণাবেক্ষণের অভাবে উপজেলার সার্ভার রুমের অনেক ব্যাটারি অচল অবস্থায় রয়েছে যার ফলে উপজেলার অনেক সরকারি অফিস/দপ্তরগুলোতে নিরবছিন্ন ভাবে ইন্টারনেট এর সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। | ৬.১। উপজেলা পর্যায়ে ইনফো সরকার-২ প্রকল্প পর্যায়ে সার্ভার রুমের স্থাপিত যে সকল অকেজো ব্যাটারি রয়েছে সেগুলোকে মেরামত করার বিষয়ে প্রকল্প দপ্তর/ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর পত্র দেওয়া হয়েছে বলে জানানো হয়। সকল সরকারি দপ্তর/বিভাগ সমূহে ইন্টারনেট সংযোগ চালু আছে কি না সেই বিষয়ে তথ্য প্রদানের জন্য ফাইবার @ হোম কে Update তথ্য দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>০২। মধুখালী ফাইবার @ হোমের প্রতিনিধি। |
| ০৭ | **"১০০০ টি *ইউনিয়ন* পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প বাস্তবায়নঃ** *বিটিসিএল* (বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড) "১০০০ টি *ইউনিয়ন* পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্পের মাধ্যমে সমগ্র দেশে ১০০০ ইউনিয়নে (মধুখালী উপজেলার ১১টির মধ্যে ৯টি ইউনিয়নে) দ্রুতগতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান কার্যক্রম সমাপ্ত হয়েছে। উপজেলার আড়পাড়া ও কোরকদি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবল স্থাপন করা হয়নি। গাজনা, বাগাট, মেঘচামী ও কামালদিয়া ইউনিয়ন পরিষদের ইন্টারনেট সার্ভিস অচল অবস্থায় রয়েছে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | **৭.১** উপজেলার সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে স্থাপিত PoP (Point of Presence) কক্ষসমূহে ব্যাটারী, রেক্টিফায়ার, ODF র‍্যাক ও রাউটারসহ মূল্যবান নেটওয়ার্কিং যন্ত্রপাতি রয়েছে যা সরকারি সম্পত্তি। উক্ত যন্ত্রপাতিসমূহের সার্বিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে PoP কক্ষের রাত্রিকালীন প্রহরা জোরদার করার লক্ষ্যে গ্রাম পুলিশ নিয়োগ করতে হবে এবং PoP কক্ষের যন্ত্রপাতিসমূহ ধুলা-বালি ও ময়লায় দ্রুত ক্ষতিগ্রস্থ হয় বিধায় PoP কক্ষের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব ও ইউডিসি'র উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। প্রকল্পের যন্ত্রপাতির নিরাপত্তা, ইউপি চেয়ারম্যানগণের অবহিত করার লক্ষ্যে প্রতিমাসে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় "১০০০ টি *ইউনিয়ন* পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্পকে আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করার নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল ইউনিয়নে ইন্টারনেট কানেক্টিভিটি অচল রয়েছে সেই সকল ইউনিয়নের ইন্টারনেট কানেক্টিভিটি সচল করার জন্য চীপ জেনারেল ম্যানেজার, দক্ষিণ অঞ্চল, বিটিসিএল, খালিশপুর, খুলনা বরাবর পত্র দেওয়া হয়েছে বলে জানানো হয়। ইতোমধ্যে নওপাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ইন্টারনেট কানেক্টিভিটি সচল করা হয়েছে। | ১। ইউপি চেয়ারম্যান (সকল) মধুখালী, ফরিদপুর<br>২।সহকারী প্রোগ্রামার, মধুখালী, ফরিদপুর।<br>৩।ইউপি সচিব (সকল), মধুখালী, ফরিদপুর।<br>৩। ইউডিসি উদ্যোক্তা (সকল), মধুখালী, ফরিদপুর। |

পরিশেষে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মো: মোস্তফা মনোয়ার
উপজেলা নির্বাহী অফিসার
মধুখালী, ফরিদপুর
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি/ফোরাম
ফোন: ০৬৩২৬-৫৬২৫৫
ই-মেইল: unomadhukhali@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.২৯৫৬.০০১.০৬.০১১.১৯.৯৭(৫০)

তারিখ ১৭ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাওঁ, ঢাকা- ১২০৭।

৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৪। অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৫। পরিচালক,(অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৬। পরিচালক, (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৭। উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৮। উপপরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

১০। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

১১। সিস্টেম ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

অনুলিপি : অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ফরিদপুর।

২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর।

৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ফরিদপুর।

৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.............................................................................মধুখালী, ফরিদপুর

৬। সহকারী কমিশনার (ভূমি), মধুখালী, ফরিদপুর।

৭। উপজেলা ............................................. মধুখালী, ফরিদপুর।

৮। জনাব ..............................................................................................

৯। অফিস নথি

৩০/০১/২০২০

দ্বিজেন্দ্র নাথ বিশ্বাস
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
মধুখালী, ফরিদপুর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি/ফোরাম
মোবাইল: ০১৯১৩৭৩৪৫৯৮
ই-মেইল: dnbiswas85@gmail.com